**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর**
**পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।**
**ফোনঃ ৯৫৬২৭৬৫ ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩**
**www.pwd.gov.bd**

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৫.১২-৭৭৯ (৩১) প্রগতি তারিখঃ ১১/০৭/১৪২৪ বঙ্গাব্দ / ২৬/১০/২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের অক্টোবর/২০১৭ মাসের প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

গত ২৫/১০/২০১৭ তারিখে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে এ অধিদপ্তরের সভাকক্ষে **অক্টোবর/২০১৭ মাসের প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী** অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্ররণ করা হলো।

**সংযুক্তিঃ কার্যবিবরণী-০১ (এক) প্রস্থ।**

২৬/১০/১৭
(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৬৫ ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩

বিতরনঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী- সওস/ ই-এম, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী- গণপূর্ত জোন-ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ বরিশাল/ সিলেট।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-সংস্থাপন/ উন্নয়ন/মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী- ঢাকা গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪/ রক্ষণাবেক্ষণ/ সাভার/ ই-এম সার্কেল-১/ ২/ ৩, ঢাকা।

৫। আইন কর্মকর্তা (যুগ্ম সচিব), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। নির্বাহী প্রকৌশলী- সংস্থাপন/অডিট/তদন্ত/এম,আই,এস, সেল/ উন্নয়ন/ নোয়াখালী/ কুড়িগ্রাম।

৮। প্রধান প্রকৌশলী ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গণপূর্ত অধিদপ্তর**
**প্রগতি শাখা।**

বিষয় : **অক্টোবর/ ২০১৭ প্রাক- সমন্বয় সভার কার্যবিবরণী।**
সভাপতি : জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২৫ অক্টোবর/২০১৭ খ্রিঃ
সময় : দুপুর ১১.৩০ ঘটিকায়
স্থান : প্রধান প্রকৌশলীর সভা কক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: **পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয় ভিত্তিক যেমন- অনিষ্পন্ন বিষয়, জনসেবামূলক কাজ, অব্যবহৃত জমির তথ্য, অডিট আপত্তি নিষ্পতিকরণ, আদালতে বিচারাধীন মামলা, বিভাগীয় শৃংঙ্খলামূলক মামলা, ই-সেবা কার্যক্রম, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-টেন্ডারিং, মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রতিবেদন ইত্যাদি নিয়ে ব্যাপক পর্যালোচনা হয়। পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যার্থে |
|---|---|---|---|
| ১। | বিভিন্ন অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত | (ক) অনিষ্পন্ন বিষয়ের জবাব দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের কার্যপত্রে গণপূর্ত অধিদপ্তর সম্পর্কিত কোন বিষয় থাকলে; তা পূর্ব হতে অবহিত হওয়াসহ জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ সংস্থাপন/উন্নয়ন/ অডিট মনিটরিং, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| ২। | জনসেবামূলক কাজ | সহজিকরণকৃত সেবার অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে এবং গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| ৩। | গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য | (ক) নোয়াখালি ও কুড়িগ্রামের অধিগ্রহণকৃত জমি ডিসি কর্তৃক লীজ প্রদান রহিত করনের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) অব্যহৃত জমির ব্যাপারে গণপূত অধিদপ্তরের তথ্য মন্ত্রণালয়ের সমন্বয় সভার কার্যপত্রে যথাযথ ভাবে প্রতিফলন ঘটেছে কি না, তা সভা শুরুর পূর্বেই অবহিত হতে হবে।<br>(গ) আগামী মাস হতে অব্যবহৃত জমির তথ্য আরও সংক্ষিপ্ত আকারে প্রনয়ণ করতে হবে।<br>(ঘ) ঝিনাইদহ গণপূর্ত বিভাগ কর্তৃক উদ্ধারকৃত জমিতে বিনোদন পার্ক স্থাপনের প্রস্তাবটি যথাযথ যাচাই-বাছাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) অব্যবহৃত জমির উদ্ধারে বিভিন্ন আদালতে চলমান মামলা অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)/ নির্বাহী প্রকৌশলী, নোয়াখালি/ নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যার্থে |
|---|---|---|---|
| ৪। | অডিট আপত্তি নিষ্পতিকরণ | (ক) দ্বি-পক্ষীয় ও তৃ-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) যে সমস্ত অনুচ্ছেদ বিভিন্ন আপত্তি দিয়ে মন্ত্রণালয় ও অডিট অফিস হতে ফেরত পাঠানো হচ্ছে; তার যথাযথ জবাব দিয়ে স্বল্প সময়ের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে পুনারায় প্রেরণ করতে হবে।<br>(গ) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তরের মহাপরিচালক এর সাথে আলোচনা করতে হবে।<br>(ঘ) অডিট আপত্তি নিষ্পত্তির ব্যাপারে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তাকে আরও বেশি সচেতন হতে হবে। | ♦ মাঠ পর্যায়ের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী।<br>♦ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢকা। |
| ৫। | (১)আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত | (ক) বিচারাধীন মামলার তথ্যাদি নিয়মিতভাবে এবং সংশ্লিষ্ট কাগজ পত্রসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) মামলার সংখ্যা সঠিক কি না তা পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ আইন কর্মকর্ত, গণপূর্ত অধিদপ্তর, ঢকা। |
| | (২) বিভাগীয় শৃঙ্খলা মূলক মামলা | বিভাগীয় মামলার তথ্যাদি নিয়মিত ভাবে এবং সংশ্লিষ্ট কাগজ পত্রসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত), গণপূর্ত অধিদপ্তর, ঢকা। |
| ৬। | ই সেবা কার্যক্রম | (ক) Online Complain Management System টি অন্যান্য গণপূর্ত বিভাগে বিস্তার লাভের ব্যবস্থা করতে হবে।<br>(খ) ই-ফাইলিং পদ্ধতিতে দাপ্তরিক কাজ সম্পাদনের কার্যক্রম যথাযথ ভাবে মনিটরিং করতে হবে।<br>(গ) যে সমস্ত গণপূর্ত বিভাগের বিল্ডিং আইডি নম্বর এখনও ডাটা বেইজে এন্টি করা হয়নি, তাদের ডাটা জরুরী ভিত্তিতে সংগ্রহ পূর্বক অর্ন্তভূক্তির ব্যবস্থা নিতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (এমআইএস সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢকা। |
| ৭। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | (ক) ডিসেম্বর/২০১৭ তে নৈতিকতা কমিটির পরবর্তি সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।<br>(খ) খুলনা জোনের সাথে প্রধান প্রকৌশলীর দপ্তরের ভিডিও কনফারেন্স এর আয়োজন করতে হবে।<br>(গ) ঢাকার প্রতিটি সার্কেলকে আগামী প্রাক-সমন্বয় সভার পূর্বে কমপক্ষে দুইটি করে গণশুনানী করতে হবে। | ♦ ঢাকার ওয়ার্কিং-এ কর্মরত সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী।<br>♦তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা |
| ৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | গণপূর্ত অধিদপ্তর হতে সম্পাদিত কর্মসম্পাদন চুক্তির অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| ৯। | e-Tendering | মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী e-gp কার্যক্রম চলমান থাকবে। | ওয়ার্কিং এর অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ। |

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যার্থে |
|---|---|---|---|
| ১০। | প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ-এর চাহিত প্রতিবেদন প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন (Soft copy ই-মেইল ) প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |

অতঃপর আর কেন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/১০/২০১৭ খ্রিঃ
**(মোহাম্মদ রফিকুল ইসলাম)**
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর, প্রগতি শাখা, ঢাকা।

বিষয় : মাসিক প্রাক - সমন্বয় সভা।

সভার তারিখ ও স্থান : ২৫/১০/২০১৭, বুধবার, সকাল ১১.৩০ ঘটিকায়।

সভার স্থান : প্রধান প্রকৌশলীর সভাকক্ষ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের ঠিকানা ও মোবাইল নম্বর | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: [illegible] উদ্দিন অতি: প্র: প্র: ই/এম | | [illegible] 25/10/17 |
| ২। | এম. এইচ. এম আমিনুল ইসলাম তত্ত্বা: প্রকৌশলী | গণপূর্ত ই/এম সার্কেল-২ | [illegible] 25/10/17 |
| ৩। | মোহাম্মদ আব্দুল মাজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত ই/এম পি ডব্লিউ ডি ই/এম সার্কেল, ঢাকা। | [illegible] 25/10/17 |
| ৪। | মো: আবুল কাশেম তত্ত্বা: প্রকৌ: ই/এম | গণপূর্ত ই/এম সার্কেল-৩ ঢাকা | [illegible] 25/10/17 |
| ৫। | [illegible] | [illegible] | [illegible] |
| ৬। | এ.কে.এম. মনিরুজ্জামান ত: প্র: | ঢাকা গণপূর্ত সার্কেল-2 | [illegible] |
| ৭। | মো: লুৎফর রহমান ত. প্র. | [illegible] | [illegible] 25/10/17 |
| ৮। | মো: আমিনুল ইসলাম খান তঃ প্রঃ | ঢাকা গণপূর্ত সার্কেল-৩ ০১৫৫৬৪০০১২৭৫ | [illegible] 25/10/17 |
| ৯। | সৈয়দ আবুল হাবিব নি: প্র: | ঢাকা জোন। ০১৯১২-২৬৬৯৪২৫ | [illegible] 25/10/17 |
| ১০। | কাজী [illegible] উদ্দিন আহমেদ নি: প্র: | [illegible] | [illegible] |
| ১১। | মো: আব্দুল আহাদ Land officer | | [illegible] |
| ১২। | ড. মো: মইনুল ইসলাম তপ্র | C-4 (Circle-4) | [illegible] |
| ১৩। | [illegible] | [illegible] | [illegible] |
| ১৪। | মো: নাহিদ খান উ: প্র: | উন্নয়ন | [illegible] |
| ১৫। | মো: [illegible] উল্লাহ উ: প্র: | [illegible] ০১৭১০৭০৫৮৭৫ | [illegible] |
| ১৬। | | | |